# সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪ : ৪৯

## আরবি মূল আয়াত:

قُلۡ جَآءَ الۡحَقُّ وَ مَا يُبۡدِئُ الۡبَاطِلُ وَ مَا يُعِيۡدُ ﴿۴۹﴾

## অনুবাদসমূহ:

বল, ‘সত্য এসেছে এবং বাতিল কিছু সৃষ্টি করতে পারে না, আর কিছু পুনরাবৃত্তিও করতে পারে না।’ — আল-বায়ান

বল- সত্য এসে গেছে, আর মিথ্যের নতুন করে আবির্ভাবও ঘটবে না, আর তার পুনরাবৃত্তিও হবে না। — তাইসিরুল

বলঃ সত্য এসেছে এবং অসত্য না পারে নতুন কিছু সৃষ্টি করতে এবং না পারে পুনরাবৃত্তি করতে। — মুজিবুর রহমান

Say, "The truth has come, and falsehood can neither begin [anything] nor repeat [it]." — Sahih International

৪৯. বলুন, সত্য এসেছে, আর অসত্য না পারে নতুন কিছু সৃজন করতে এবং না পারে পুনরাবৃত্তি করতে।(১)

(১) এখানে বাতিল বলে ইবলীস বুঝানো হয়েছে। [বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৪৯) বল, ‘সত্য এসেছে এবং অসত্য নতুন কিছু সৃজন করতে পারে না এবং পারে না পুনরাবৃত্তি ঘটাতে।’ [1]

[1] হক বা সত্য হল কুরআন আর বাতিল বা অসত্য হল শিরক ও কুফর। উদ্দেশ্য হল, আল্লাহর পক্ষ থেকে আল্লাহর দ্বীন এবং তাঁর কুরআন এসে গেছে, যার দ্বারা বাতিল চূর্ণ-বিচূর্ণ ও নিশ্চিহ্ন হয়ে গেছে, এখন আর সে মাথা উঠানোর ক্ষমতা রাখে না। যেমন তিনি বলেছেন, (بَلْ نَقْذِفُ بِالْحَقِّ عَلَى الْبَاطِلِ فَيَدْمَغُهُ فَإِذَا هُوَ زَاهِقٌ) অর্থাৎ, বরং আমি সত্য দ্বারা মিথ্যার উপর আঘাত হানি; সুতরাং তা মিথ্যাকে চূর্ণ-বিচূর্ণ করে দেয়; ফলে মিথ্যা নিশ্চিহ্ন হয়ে যায়। (আম্বিয়াঃ ১৮ আয়াত) হাদীসে বর্ণনা হয়েছে, যেদিন মক্কা বিজয় হয়, নবী (সাঃ) কা’বা শরীফে প্রবেশ করে চারিদিকে যে সব মূর্তি স্থাপন করা ছিল, তিনি ধনুকের ডগা দিয়ে সেই মূর্তিগুলিকে খোঁচা মারছিলেন আর উক্ত আয়াত ও সূরা বানী ইস্রাঈলের ৮১নং আয়াত (وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ) পড়ছিলেন। (বুখারীঃ জিহাদ অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3655

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন